

সাদার নতুন নাম

ফাস্ট ওয়াশ

ডিজিটালজেন্ট পাউডার



রূপচর্চায় কলা

● সাইমা ইসলাম তন্দ্রা
পুষ্টিগুণে ভরা বারোমাসি ফল কলা।
সুস্বাস্থ্যের জন্য তো বটেই, রূপচর্চার
উপকরণ হিসেবেও এর জুড়ি নেই।
ত্বক ও চুলের যত্নে এ ফলটি দারুণ
ভূমিকা রাখতে পারে। এখানে রইল
তেমনই কিছু টিপস—

ত্বকের যত্নে কলা

- ত্বকের রোদে পোড়া ভাব দূর করতে চান?
বাইরে থেকে ফিরে শুধু একটি পাকা কলা
চটকে নিয়ে রোদে পোড়া জায়গাগুলোতে
লাগান এবং হালকা ম্যাসাজ করতে থাকুন।
১০-১৫ মিনিট পর ধুয়ে ফেলুন। ফিরে
আসবে ত্বকের জেল্লা।
- দুটি মাঝারি আকারের পাকা কলা চটকে
নিন। এর সঙ্গে চন্দনের গুঁড়ো ও চালের
গুঁড়ো মিশিয়ে পুরো শরীরে লাগান। ২০-২৫
মিনিট হালকাভাবে ম্যাসাজ করুন। এরপর
ধুয়ে ফেলুন। ত্বক হবে পরিষ্কার ও উজ্জ্বল।
- ত্বকের রক্ষতা কাটাতে পাকা কলা,
অলিভ অয়েল ও মধু একত্রে মিশিয়ে ত্বকে
লাগান। ১৫ মিনিট পর ধুয়ে ফেলুন।
- ত্বকের মলিনতা দূর করতে পাকা কলা,
মধু ও লেবুর রস একত্রে মিশিয়ে ত্বকে
লাগান। ২০ মিনিট পর ধুয়ে ফেলুন।
- ত্বকের উজ্জ্বলতা ফিরিয়ে আনতে পাকা
কলার সঙ্গে মিহিদানার চিনি মিশিয়ে ত্বকে
লাগান এবং হালকাভাবে ম্যাসাজ করুন ২০
মিনিট। এরপর ধুয়ে ফেলুন।

চুলের যত্নে কলা

- চুল উজ্জ্বল করতে একটি পাকা কলা
চটকে নিয়ে এর সঙ্গে এক টেবিল চামচ মধু
ও তিন টেবিল চামচ অলিভ অয়েল মিশিয়ে

পুরো চুলে লাগান। ২০ মিনিট পর ভালো
করে শ্যাম্পু করে ধুয়ে ফেলুন।

- চুলের তেলতেলে ভাব কমাতে একটা
পাকা কলা চটকে নিয়ে এর সঙ্গে তিন
টেবিল চামচ টক দই খুব ভালোমতো
মিশিয়ে পুরো চুলে লাগান। ৩০ মিনিট রেখে
শ্যাম্পু করে ধুয়ে ফেলুন।
- খুশকি দূর করতে অর্ধেক পাকা কলা
চটকে নিন। এর সঙ্গে তিন টেবিল চামচ
টক দই ও এক টেবিল চামচ পাতিলেবুর
রস মেশান। মিশ্রণটি চুলের গোড়া ও
মাথার ত্বকে লাগান। পুরো চুলে লাগাবেন
না। ২০-২৫ মিনিট পর চুল শ্যাম্পু করে
ধুয়ে ফেলুন।
- চুলের রক্ষতা দূর করতে চাইলে একটি
পাকা কলা চটকে তার সঙ্গে পুরো একটি
ডিম ও তিন টেবিল চামচ অলিভ অয়েল
মেশান। মিশ্রণটি চুলে লাগিয়ে ৩০ মিনিট
অপেক্ষা করুন। এরপর শ্যাম্পু করে ধুয়ে
ফেলুন।
- চুলে মেহেদি লাগানোর সময় কলা
ব্যবহার করলে চুল ঝরঝরে হয়। একটি
পাকা কলা চটকে নিয়ে হেনা বা মেহেদির
সঙ্গে ভালোভাবে ফেটিয়ে নিন। এই
মিশ্রণটি চুলে লাগিয়ে নিয়ম অনুযায়ী
অপেক্ষা করুন। এরপর চুল ভালো মতো
ধুয়ে ফেলুন।

